



আইআইইউসিতে এওয়ারেনেস র্যালি

আইআইইউসিতে এওয়ারেনেস র্যালি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর প্রক্টোরিয়াল বডি'র উদ্যোগে গতকাল ডিপার্টমেন্টাল ক্লাবের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এওয়ারেনেস র্যালি অনুষ্ঠিত হয়।

আইআইইউসি ক্যাম্পাসকে ধূমপানমুক্ত, সন্ত্রাসমুক্ত, ইভটিজিংমুক্ত, র্যাগিংমুক্ত ও রাজনীতিমুক্ত আদর্শ ক্যাম্পাস হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই সচেতনতামূলক র্যালির আয়োজন করা হয়।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির নেতৃত্বে এই র্যালিতে অংশগ্রহণ করেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ও ফিনেন্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, টিএমডি'র চেয়ারম্যান প্রফেসর ড. মহি উদ্দিন, ইএলএল ডিপার্টমেন্টের চেয়ারম্যান মোঃ ছরওয়ার আলম, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ। খবর প্রেস বিজ্ঞপ্তির।

Ref: Dainik Azadi, Date: 24 January 2023, Page: 3, Col: 3

<https://edainikazadi.net/index.php?page=1&date=2023-01-24>